



ফাইল ছবি

জুনিয়র স্কুল সার্টিফিকেট (জে.এস.সি) পরীক্ষার প্রথম দিনের পরীক্ষা শান্তিপূর্ণভাবে সম্পন্ন হয়েছে। চট্টগ্রাম শিক্ষা বোর্ডের অধীনে শনিবার সকালে অনুষ্ঠিত বাংলা ১ম পত্র বিষয়ের পরীক্ষায় অনুপস্থিত ছিল ৩ হাজার ৪৬১ জন পরীক্ষার্থী। তবে কোনো পরীক্ষার্থী বহিষ্কার হয়নি।

এদিকে মাদ্রাসা বোর্ডের অধীনে অনুষ্ঠিত জুনিয়র দাখিল সার্টিফিকেট (জে.ডিসি) পরীক্ষাতেও প্রথম দিন কোরআন মাজিদ ও তাজভিদ বিষয়ের পরীক্ষায় চট্টগ্রামে ৭১৭ জন পরীক্ষার্থী অনুপস্থিত থাকার তথ্য নিশ্চিত করেছে জেলা প্রশাসন।